JUL 12 2002

ভোরের কাগজ

তারিখ ...... পৃষ্ঠা ১২ কলাম ৩......

### সংসদে প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী

# মাদ্রাসা শিক্ষাকে আরো বিস্তৃত ও আধুনিক করা সরকারের লক্ষ্য

কাগজ প্রতিবেদক : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, মাদ্রাসা বোর্ডের কারিকুলাম অনুসরণ করলে কওমী মাদ্রাসাগুলোকেও সরকারি অনুদান দেওয়া হবে। তিনি বলেন, কওমী মাদ্রাসাগুলো কখনই সরকারি সাহায্য চায়নি। এজন্যই তাদের সাহায্য দেওয়া হয় না। মন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষাকে সংকুচিত নয়-আরো বিস্তৃত ও আধুনিক করাই সরকারের লক্ষ্য। দেশে বর্তমানে ৬ হাজার ৫টি কওমী মাদ্রাসা রয়েছে।

সংসদে প্রশ্নোত্তর পর্বে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক এসব তথ্য দেন। গোপালগঞ্জ-১ থেকে নির্বাচিত সাংসদ মোঃ ফারুক খানের এক প্রশ্নের উত্তরে তিনি জানান, ২০০১-২০০২ অর্থবছরে দেশে মোট ১ হাজার ৬৯১টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে। এরমধ্যে ১ হাজার ৬৪টি স্কুল, ২৫৮টি কলেজ ও

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ১

### মাদ্রাসা শিক্ষাকে আরো

● শেষের পাতার পর

৩৬৯টি মাদ্রাসা রয়েছে। এ ছাড়া ১ হাজার ৮৩২টি শিক্ষা প্রতিষ্ঠানকে উন্নয়নের জন্য এমপিভুক্ত করা হয়েছে। তবেও উক্ত সময়ে গোপালগঞ্জ জেলায় কোনো শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত ও উন্নয়নের আওতাভুক্ত করা হয়নি।

বিএনপি দলীয় সাংসদ অধ্যাপক শহিদুল ইসলামের অপর এক প্রশ্নোত্তরে শিক্ষামন্ত্রী জানান, বর্তমানে দেশে নিক্ষরতার হার শতকরা ৩৫ ভাগ। নিরক্ষরমুক্ত বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকার অঙ্গীকারাবদ্ধ। দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষাখাতকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। মন্ত্রী জানান, বর্তমান দেশের প্রতিটি জেলায় সরকারি-বেসরকারি, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, জনপ্রতিনিধিবৃন্দসহ সমাজের সর্বস্তরের নাগরিকদের সম্পৃক্ততায় এবং জেলা প্রশাসকগণের তত্ত্বাবধানে সার্বিক সক্ষরতা আন্দোলন কর্মসূচি চলছে। সাংসদ মনিরুল হক চৌধুরীর অপর এক প্রশ্নোত্তরে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক জানান, মাধ্যমিক স্তরে কম্পিউটার শিক্ষার প্রয়োজনীয়তা বা গুরুত্ব অনুধাবন করে ইতিমধ্যে মাধ্যমিক স্তরে কম্পিউটার বিজ্ঞান বিষয়টি ৪র্থ বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।